

স্মারক নম্বর: ৪৬.৪২.০১০০.০০০.১৪.০৮৫.১৫.১৮২৪

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮

২৫ আগস্ট ২০২১

বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরে বাগেরহাট জেলা পরিষদের এডিপি সাধারণ ও সংরক্ষিত বরাদ্দের আওতায় স্কিম বাস্তবায়নের অনুমোদন।

সূত্র: জেলা পরিষদ, বাগেরহাট এর স্মারক ৪৬.৪২.০১০০.০০২.১৪.৫৩৭.২০-৮২, তারিখ: ২৪ জুন ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ২০১৯-২০২০ অর্থ বছরে বাগেরহাট জেলা পরিষদের এডিপি সাধারণ ও সংরক্ষিত বরাদ্দের আওতায় ৩.৫০ লক্ষ (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে ২টি স্কিম বাস্তবায়নের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। স্কিম তালিকার ২ নং ক্রমিকে ৩.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে বর্ণিত 'রনজিৎপুর কালীপদ দাসের বাড়ীর সামনের দিকের রাস্তা সলিংকরণ' শীর্ষক স্কিমটি ব্যক্তিকেন্দ্রিক।

২। এমতাবস্থায়, উক্ত স্কিমটি ব্যতীত অবশিষ্ট ১ স্কিম ১.৫০ লক্ষ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রাক্কলিত ব্যয়ে 'চিতলমারী শেরে বাংলা কলেজ রোড হতে বানির মার বাড়ি হইতে রাস্তা সলিংকরণ' শীর্ষক স্কিম বাস্তবায়নের অনুমোদন নির্দেশক্রমে অনুমোদন জ্ঞাপন করা হলো।

**শর্তাবলী:**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ০৭ জানুয়ারি ২০২০ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.২০.০০৫.১৯-২০নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।

৩। স্কিম তালিকার ২ নং ক্রমিকে ৩.৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে স্কিম পরিবর্তনের প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-৮-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, বাগেরহাট।

স্মারক নম্বর: ৪৬.৪২.০১০০.০০০.১৪.০৮৫.১৫.১৮২৪/১(৪)

তারিখ: ১০ ভাদ্র ১৪২৮

২৫ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ



২৫-৮-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব